শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১

চেঙ্গাইন, সোনারগাঁ, নারায়ণগঞ্জ।

ই-মেইলঃ-narayanganj_pbs1@ yahoo.com ওয়েব সাইটঃ-pbs1.narayanganj.gov.bd

বিদ্যুৎ মন্ত্রণালয়ের ওয়েব সাইট www.mpemr.gov.bd

নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১ স্থাপিত-২০১৫ ইং ISO 9001:2015 Certified

স্মারক নং-২৭.১২.৬৭০৪.৫৭০.০১.০৪৮.২২. ৯৭৫০ তারিখঃ- ৩০ জ্যৈষ্ঠ, ১৪২৯ বঙ্গাব্দ / ১৩ জুন, ২০২২ খ্রিস্টাব্দ

## দরপত্র বিজ্ঞপ্তি (RFQ)

### বিষয়ঃ কর্মচারীগণের ব্যবহারের জন্য রেইনকোট সরবরাহের দরপত্র।

নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর কর্মচারীগণের জন্য নিম্নোক্ত বিবরণ ও শর্ত মোতাবেক "রেইনকোট" সরবরাহের নিমিত্ত পবিসের নিজস্ব তহবিলের আওতায় কোটেশন প্রদান অনুরোধ জ্ঞাপন (RFQ) পদ্ধতিতে বাংলাদেশি প্রকৃত ব্যবসায়ী/প্রস্তুতকারী/সরবরাহকারী প্রতিষ্ঠান হইতে নিজস্ব লেটার হেড প্যাডে সীলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাইতেছে।

| ক্র নং | দরপত্র নং | বিবরণ | পরিমান (টি) | একক মূল্য (টাকা) | মোট মূল্য (টাকা) |
|---|---|---|---|---|---|
| ০১ | ৫৭/২০২১-২০২২ | **রেইনকোট:** উন্নতমানের, কাপড় ও সেলাই ওয়াটার প্রুফ, ডাবলপার্ট, উভয়পার্শ্বে ব্যবহার উপযোগী, সাইজ : XXL, (নমুনা মোতাবেক)। | ৪০টি | | |
| কথায় : | | মোট: | | | |

**শর্তাবলীঃ**

০১।। আগ্রহী দরদাতাকে আগামী ২০/০৬/২২ খ্রিঃ তারিখ বেলা ১১:০০ ঘটিকার মধ্যে সীলমোহরকৃত দরপত্রসমূহ সদর দপ্তর,নারায়ণগঞ্জ পবিস-১, চেঙ্গাইন,সোনারগাঁ,নারায়ণগঞ্জ এবং পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকায় রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করা যাইবে। নির্ধারিত সময় উত্তীর্ণ হওয়ার পর কোন অবস্থাতেই দরপত্র গ্রহণ করা হইবে না। প্রাপ্ত দরপত্রসমূহ দরপত্র দাখিলের দিনই অর্থাৎ আগামী ২০/০৬/২২ খ্রিঃ তারিখ বেলা ১১:০৫ ঘটিকার সময় উপস্থিত প্রতিনিধিদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হইবে। ডাক ও কুরিয়ার যোগে কোন দরপত্র প্রেরণ করা যাইবে না।

০২।। দরপত্রের সহিত হালনাগাদ বৈধ ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিস্ট্রেশন, আয়কর সনদ, ব্যাংক সলভেন্সি সনদ ও পল্লী বিদ্যুৎ সমিতিতে উল্লিখিত মালামাল সরবরাহের অভিজ্ঞতা (যদি থাকে) এর সত্যায়িত অনুলিপি দাখিল করিতে হইবে।

০৩।। খামের উপর "রেইনকোট" কথাটি স্পষ্টাকারে লিখতে হইবে। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে বিবেচিত হইবে। যদি কোন দরদাতা বর্ণিত বিবরণ মোতাবেক নমুনা দেখিতে আগ্রহ প্রকাশ করেন, তাহলে ১৯/০৬/২২ খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালীন অত্র পবিসের, প্রশাসন বিভাগ সদর দপ্তরে এসে নমুনা দেখা ও জানা যাইবে। কার্যাদেশের সময় মালামাল কম/বেশী হইতে পারে।

০৪।। **দরপত্র মূল্যায়নের সময় বর্ণিত আইটেমের কারিগরী দিক মূল্যায়নের জন্য দরদাতাদের নমুনা নিয়ে আগামী ২১/০৬/২২ খ্রি: সকাল ১০:০০ ঘটিকায় সদর দপ্তর, নারায়ণগঞ্জ পবিস-১, চেঙ্গাইন,সোনারগাঁ, নারায়ণগঞ্জ এ উপস্থিত থাকতে হবে। প্রদত্ত নমুনার গুনগত মান দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক মানসম্মত বিবেচিত হওয়া সাপেক্ষে দরদাতাদের চূড়ান্ত মূল্যায়ন করা হইবে।**

০৫।। সরবরাহকারী/ব্যবসায়ী প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেডপ্যাডে রেইনকোট এর একক মূল্য ও মোট মূল্য উল্লেখপূর্বক সীলমোহরকৃত খামে দর দাখিল করিতে হইবে।

০৬।। সফল দরদাতা প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রদানের ০৭ (সাত) দিনের মধ্যে বর্ণিত রেইনকোট সম্পূর্ণ নিজ দায়িত্বে ও খরচে নিজস্ব ব্যবস্থাপনায় পবিস সদর দপ্তরে পৌছাইতে হইবে। সরবরাহকৃত মালামাল উন্নতমানের এবং নমুনা মোতাবেক হইতে হইবে। অন্যথায় মালামাল গ্রহণ করা হইবে না।

০৭।। সরবরাহকারীকে চালান ও বিল দাখিলের পর সরবরাহকৃত মালামালের গুণগত মান যাচাই পূর্বক মান সঠিক আছে মর্মে প্রত্যয়ন সাপেক্ষে পবিস কর্তৃক সরকারি নিয়মানুযায়ী ভ্যাট ও আয়কর কর্তন সাপেক্ষ একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে মালামালের মূল্য পরিশোধ করা হইবে।

০৮।। যথাসময়ে মালামাল সরবরাহ করতে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য কার্যাদেশ মূল্যের ১% এর ১/১০ অংশ হিসাবে সরবরাহকৃত মালামালের মূল্য হতে কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট কার্যাদেশ মূল্যের ১০%(দশ শতাংশ) এর অধিক হইবে না।

০৯।। দরপত্র বাছাই কালে উদ্ধৃত মূল্যে গাণিতিক কোন ভুল থাকলে উদ্ধৃত একক মূল্যকে পরিমাণ দ্বারা গুণ করে প্রাপ্ত মোট মূল্য এবং উদ্ধৃত মোট মূল্যের মধ্যে কোন গরমিল দেখা দিলে সেক্ষেত্রে একক মূল্য বহাল থাকবে এবং সে অনুযায়ী মোট মূল্যকে সংশোধন করা হইবে। অংকে উদ্ধৃত মূল্য এবং কথায় উদ্ধৃত মূল্যের মধ্যে কোন গরমিল দেখা দিলে সেক্ষেত্রে কথায় উদ্ধৃত মূল্য বহাল থাকিবে।

১০।। শর্তাবলীতে উল্লেখ নাই এমন বিষয়ে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে। কোন কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্র বাতিল বা গ্রহণ করার ক্ষমতা সমিতি কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

(প্রকৌঃ মোঃ মাশফিকুল হাসান)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ-(সদয় অবগতি এবং নোটিশ বোর্ড ও ওয়েবসাইট -এ বহুল প্রচারের অনুরোধসহ) (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)।

০১। পরিচালক,পবিস মনিটরিং ও ব্যঃ ও পঃ ( কেঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা। (নির্ধারিত তারিখে দরপত্র গ্রহন ও খোলার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সদয় অনুরোধ করা হলো। )

০২। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, আইসিটি পরিদপ্তর,বাপবিবো,ঢাকা। (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সদয় অনুরোধ করা হলো।)

৩। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।

৪। পুলিশ সুপার,নারায়ণগঞ্জ।

৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার................................... পবিস-১/২/৩/৪।

৬। উপজেলা নির্বাহী কর্মকর্তা,সোনারগাঁ,বন্দর ।

৭। নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, নারায়ণগঞ্জ।

৮। ডিজিএম (কারিগরি/সোনারগাঁও/বন্দর/তারাব/মদনপুর), নারায়ণগঞ্জ পবিস-১।

৯। সহকারী প্রকৌশলী, বাপবিবো, নারায়ণগঞ্জ।

১০। এজিএম (অর্থ-হিসাব/ওঅ্যান্ডএম/আইটি), নারায়ণগঞ্জ পবিস-১। (এজিএম আইটি অত্র পবিসের ওয়েব সাইটে প্রকাশের জন্য) ।

১১। মের্সাস............................................................................।

১২। নোটিশ বোর্ড, নারায়ণগঞ্জ পবিস-১।

(প্রকৌঃ মোঃ মাশফিকুল হাসান)
জেনারেল ম্যানেজার